

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৬৭

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১১৩. মাগরিবের সালাতের পর ছয়় রাক'আত (আওয়াবীন) সালাত।

بَابِ مَا جَاءَ فِي السِّتِّ رَكَعَاتٍ بَعْدَ الْمَغْرِبِ

আরবী

حَدَّ ثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، حَدَّ ثَنَا أَبُو الْحُسَيْنِ الْعُكْلِيُّ، أَخْبَرَنِي عُمَرُ بْنُ أَبِي خَتْعَمِ الْيَمَامِيُّ، أَخْبَرَنِي عُمَرُ بْنُ أَبِي خَتْعَمِ الْيَمَامِيُّ، أَنْبَأَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - قَالَ " مَنْ صَلَّى بَعْدَ الْمَغْرِبِ سِتَّ رَكَعَاتٍ لَمْ يَتَكَلَّمْ بَيْنَهُنَّ بِسُوءٍ عُدِلْنَ لَهُ بِعِبَادَةِ ثِنْتَىْ عَشْرَةَ سَنَةً ".

বাংলা

১/১১৬৭। আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি মাগরিবের সালাতের পর ছয় রাকআত নফল সালাত (নামায/নামাজ) পড়লো এবং তার মাঝখানে কোন মন্দ কথা বলেনি, তাকে বারো বছরের ইবাদাতের সম-পরিমাণ সওয়াব দান করা হলো।

English

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said:

"Whoever prays six Rak'ah after the Maghrib and does not say anything bad in between them, will have a reward equal to the worship of twelve years."

ফটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৪৩৫, ইবনু মাজাহ ১৩৭৪।

তাহকীক আলবানী: যঈফ জিদ্ধান। তাখরীজ আলবানী: জামি সগীর ৫৬৬১ যঈফ জিদ্ধান, ইবনু মাজাহ ১৩৭৪ যঈফ জিদ্ধান, তিরমিয়ী ৪৩৫ যঈফ জিদ্ধান, মিশকাত লাম তাতিম্মা ১১৭৩, যঈফ তারগীব ৩৩১ যঈফ, যঈফা হ৪৬৯ যঈফ জিদ্ধান। উক্ত হাদিসের রাবী ১. আবুল হুসায়ন আল উকলী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি



সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। উসমান বিন আবু শায়বাহ তাকে সিকাহ বলেছেন। আহমাদ বিন সালিহ আল মিসরী বলেন, তিনি সত্যবাদী। ২. উমার বিন আবু খাসআম আল ইয়ামামী সম্পর্কে ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল তার হাদিসের অনুসরণ করা যাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন